

“যদি আমরা শান্তি চাই আমাদের উচিত অপরাপর মানুষের অধিকার
আদায়কে মূল্যায়ন করা এবং অগ্রাধিকার দেয়া”
– আহমদীয়া মুসলিম জামা’ত প্রধান
সুইডেনের সিড্‌সভেনস্কান পত্রিকার সাথে এক সাক্ষাৎকারে
হযরত মির্যা মসরুর আহমদ (আই.) এর মন্তব্য



১১ মে ২০১৬ তারিখে নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম জামা’তের নেতা, পঞ্চম খলীফা হযরত মির্যা মসরুর আহমদ (আই.) এর সাথে সুইডেনের মালমোতে অবস্থিত মাহমুদ মসজিদে সিড্‌সভেনস্কান পত্রিকার এক সাক্ষাৎকার আয়োজিত হয়।

নবনির্মিত মাহমুদ মসজিদ সম্পর্কে জিজ্ঞাসিত হলে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন :

“গতবার (২০১৫ সালে) যখন আমি এখানে এসেছিলাম এটি কেবল এক বিরাট বিরানভূমি ছিল আর এখন আমরা এই জায়গাটিতে একটি দৃষ্টিনন্দন মসজিদ নির্মাণ করেছি। যখনি আমরা নতুন কোন মসজিদ নির্মাণে সমর্থ হই, আমি অনুভূতিপ্রবণ হয়ে পড়ি যে আমাদের একত্রিত হবার জন্য এবং মহান আল্লাহ্‌তায়ালার সম্মুখে সিজদাবনত হবার জন্য আরও একটি স্থানের সংকুলান হয়েছে।

বিশ্বের শান্তি ও নিরাপত্তার বিষয়ে তাঁর উদ্বেগ সম্বন্ধে প্রশ্ন করা হলে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“যদি আমরা শান্তি চাই তাহলে আমাদের উচিত নিজেদের চাহিদা পূরণের পরিবর্তে অপরাপর মানুষের অধিকার আদায়কে মূল্যায়ন করা ও অগ্রাধিকার দেয়া। এটাই শান্তি প্রতিষ্ঠা ও বৈশ্বিক দ্বন্দ্ব অবসানের চাবিকাঠি।”

পোপ ফ্রান্সিস এর সাথে সাক্ষাতের বিষয়ে প্রশ্নের উত্তরে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন :

“আমি এখনও তার সাথে সাক্ষাৎ করিনি কিন্তু নির্বাচিত হওয়ার পর থেকে তিনি যা বলেছেন তার অনেক কথাই আমার মনঃপুত হয়েছে এবং আমি সেগুলোর সমাদর করি।